সংবাদ

তারিখ 11 FEB 2007
পৃষ্ঠা ২ কলাম ৫

শিক্ষা ৩৪

# ইবি ভর্তি পরীক্ষায় প্রক্সি দিতে গিয়ে গ্রেফতার ৫

প্রতিনিধি, ইবি

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০০৬-০৭ শিক্ষাবর্ষের অনার্স ১ম বর্ষ ভর্তি পরীক্ষার ১ম দিনে গতকাল শনিবার প্রক্সি দেয়ার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের-২ ছাত্রসহ ৫ জনকে আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে ইবি থানায় মামলা দায়ের করা হয়েছে।

জানা যায়, গতকাল বেলা সাড়ে ১১টায় 'ক' ইউনিটের পরীক্ষা চলাকালে খাতা পরিবর্তন করে পরীক্ষা দেয়ার কারণে ইস্রাফিল নামে একজনকে আটক করা হয় এবং আবুল কালাম আজাদ নামে একজনের উত্তরপত্র বাতিল করা হয়।

দুপুর ২টায় 'ছ' ইউনিটের পরীক্ষা চলাকালে প্রক্সি দেয়ার দায়ে হাফিজুল, মজিবুর, মতিউর ও আজিজুর নামে ৪ জনকে আটক করা হয়। এদের মধ্যে মজিবুর রহমান ও হাফিজুল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের যথাক্রমে মাস্টার্স ও চতুর্থ বর্ষের ছাত্র। তারা উভয়েই ঢাবির সূর্যসেন হলে থাকে। তাদের গ্রামের বাড়ি ঠাকুরগাঁওয়ে। আটককৃতদের বিরুদ্ধে থানায় মামলা দায়ের করা হয়েছে। এদিকে আজ 'খ' ও 'গ' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে।